

কওমী মাদ্রাসার মাধ্যমে ধর্মাত্ম সন্ত্রাসীর দল বানাচ্ছে মৌলবাদীরা।। কবীর চৌধুরী

স্টাফ রিপোর্টার : বাংলাদেশে মৌলবাদীরা কওমী মাদ্রাসাগুলোর মাধ্যমে অব্যাহতভাবে ধর্মাত্ম সন্ত্রাসীর দল তৈরি করে চলেছে। বাংলাদেশে মৌলবাদীদের উৎস হিসেবে কাজ করছে কওমী মাদ্রাসা। 'সোমবার উরিউতিএ' দিনাযতনে মিসবাহউদ্দিন খান দ্বারক বক্তৃতা প্রদানকালে জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী এই কথা বলেন। যার বিষয় ছিল 'আমাদের আর্কাইভড সমাজ'। এই সময় মুনতাসীর, মামুন-ফাতেমা ট্রাষ্ট আয়োজিত প্রথম মিসবাহউদ্দিন খান দ্বারক বক্তৃতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সাহিত্যিক

মিসবাহউদ্দিন খান দ্বারক বক্তৃতায় কবীর চৌধুরী

ড. বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর। শাপড বক্তব্য রাখেন অধ্যাপক মুনতাসীর মামুন। মিসবাহউদ্দিন খান দ্বারক বক্তৃতা-১ 'বাংলাদেশে মৌলবাদ এবং আমাদের আর্কাইভড সমাজ' নামে বই আকারে প্রকাশ করা হয়। দ্বারক বক্তৃতায় অধ্যাপক কবীর চৌধুরী বলেন, দেশে ইসলামী মৌলবাদ প্রতিহত করতে হলে সদামজাগ থাকতে হবে। এখানে কিছুতেই কোনভাবে ইসলামী মৌলবাদকে প্রতিষ্ঠিত হতে দেয়া হবে না। বাংলাদেশে ইসলামী মৌলবাদকে উপযুক্তভাবে প্রতিহত করতে হলে এগতির পক্ষে সদা সতর্ক থাকতে হবে। '৭১-এর ঘাতক দালাল নির্মূল কমিটি ও নারী সংগঠনগুলোর বৈশিষ্ট্য কিছু সংগঠন দেশে অব্যাহতভাবে মৌলবাদীদের বিরোধিতা করে চলেছে। এ-ই সঙ্গে সুপীল সমাজ-এগতিশীল সমাজ দেশে

অসাম্প্রদায়িক গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত করতে মৌলবাদীদের বিরোধিতা করে। তিনি বলেন, এখন শাসা বিশেষ মৌলবাদ মানুষের মনে চিন্তার বিষয়ে হয়ে দাঁড়িয়েছে। কারণ মৌলবাদমুক্ত চিন্তার বিরোধী, তা কোন কিছুকে স্বাধীনভাবে চলতে দেয় না। তিনি বলেন, '৪৭, '৪৮, '৬৯, '৭১-এর মধ্য দিয়ে বাঙালী জাতি একটি ধর্মনিরপেক্ষ জাতি হিসাবে প্রতিষ্ঠিত হয়। আমরা একটি ধর্মনিরপেক্ষ জাতি হিসাবে প্রতিষ্ঠিত হব- এই ধারণাটা বঙ্গবন্ধুর হত্যার পর পাল্টে যেতে থাকে।

তখন জিয়াউর রহমান এ ক্ষেত্রে তিলেনের তুমিকা পালন করেন। তিনি বঙ্গবন্ধুর আসনে প্রতিষ্ঠিত হতে চেয়েছিলেন। মুক্তিযুদ্ধবিরোধীদের ক্ষমতায় বসাতে চেয়েছেন। তিনি বলেন, মৌলবাদ কওমী মাদ্রাসাগুলোতে তৈরি হয়। মাদ্রাসা-ছাত্রছাত্রীরা সেখানে মৌলবাদ শিক্ষাময় করে সহিষে মৌলবাদ ছড়িয়ে দেয়। আর মৌলবাদের শিক্ষা হচ্ছে অন্ধ বিশ্বাস। মৌলবাদ মুক্ত চিন্তাবিরোধী, তা কোন কিছুকে স্বাধীনভাবে চলতে দেয় না। মৌলবাদের বিরুদ্ধে এগতিশীল সংগঠনগুলোকে আরও বেগবান ও পক্ষিশা করা উচিত হবে।